

**প্রশ্ন- ৭ :** ইবনে সামছ ৭নং- এ আরো দাবী করেছে- “যেসকল বস্তু আল্লাহ  
ছাড়া কারো দেয়ার ক্ষমতা নেই- এমন বস্তু কেউ দিতে পারে বলে বিশ্বাস  
রাখা বা কারো কাছে তা চাওয়া কুফরী”। তার দাবী কি সত্য?

**ফতোয়া :** মোটেই সত্য নয়। এমন কোন্ বস্তু আছে- যা আল্লাহ ছাড়া কারো  
দেয়ার ক্ষমতা নেই- ইবনে সামছ তা উল্লেখ করেনি। তাই, তার কথা অস্পষ্ট- যা  
আইনের দৃষ্টিতে অগ্রহ্য। ধর্ম- বেহেস্ত দেওয়ার ক্ষমতা আল্লাহর। ধনী  
বানানোর ক্ষমতাও আল্লাহর। এ দুটি জিনিসও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া  
সাল্লাম দিতে পারেন বলে কোরআন ও হাদীস দ্বারা প্রমাণিত। যেমন-  
(ক) হ্যুরের খাদেম হ্যরত রাবিয়াহ ইবনে কাব (রাঃ) কে হ্যুর সাল্লাল্লাহু  
আলাইহি ওয়া সাল্লাম একদিন বললেন- **سَلْ مَا شِئْتَ** “তোমার যা মনে  
চায়, আমার কাছে প্রার্থনা করো”। হ্যরত রাবিয়াহ ইবনে কাব (রাঃ) আরয়  
করলেন-

**أَسْأَلُكَ مُرَافِقَتَكَ فِي الْجَنَّةِ**

অর্থাৎ- “ইয়া রাসূলাল্লাহ! আমি জানাতে আপনার সঙ্গী হতে চাই”। হ্যুর  
সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তা মণ্ডুর করেছিলেন। (মিশকাত)

(খ) শেখ আবদুল হক মোহাদ্দেছ দেহলভী (রহঃ) উক্ত হাদীসের ব্যাখ্যায়  
আশিয়াতুল লুম্বুয়াতে বলেন- (অনুবাদ) “উক্ত হাদীস দ্বারা প্রমাণিত হয়েছে যে,  
আসমান জমীন ও জানাতের উপর কর্তৃত করার ক্ষমতা আল্লাহ পাক  
নবীজীকে দান করেছেন”। (আশিয়াতুল লুম্বাত)

(গ) কোরআন মজিদে আল্লাহ পাক এরশাদ করেন- **أَغْنِهُمُ اللَّهُ وَرَسُولُهُ**  
অর্থাৎ- “মদিনাবাসীদেরকে আল্লাহ ও তাঁর প্রিয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি  
ওয়া সাল্লাম ধনী বানিয়েছেন” (সূরা তওবা)।

(ঘ) আর একটি বিষয় ধরা যাক- তাকুদীর পরিবর্তন করা একান্তভাবেই আল্লাহর আয়ত্তাধীন। এমন একটি বিষয়ের ক্ষমতাও তিনি হ্যরত আবদুল কাদের জিলানী (রহঃ)-কে দান করেছেন। এ প্রসঙ্গে হ্যরত মুজাদ্দিদ আলফেসানী (রহঃ) তাঁর মকতুবাত শরীফে বলেন- (যার বাংলা অনুবাদ করেছেন শর্বিনার কায়েদ সাহেব মাওলানা আজিজুর রহমান এবং ১৯৭৫ ইং সালের “তাবলীগ” মাসিক পত্রিকায় ছাপা হয়েছে)

“আল্লাহর এলেমে এমন কিছু তাকুদীর আছে- যা কোন কারণে পরিবর্তন হতে পারে। এমন তাকুদীর পরিবর্তনের ক্ষেত্রে হস্তক্ষেপ করার অলৌকিক ক্ষমতা আল্লাহ পাক হ্যরত গাউসুল আযম আবদুল কাদির জিলানী (রাঃ)-কে দান করেছেন” (মকতুবাত শরীফ মকতুব নং ১২৩ তয় খন্ড)। এবার ইবনে সামছ বলুন- আল্লাহ কি ক্ষমতা দিয়ে কুফরী করেছেন? হ্যরত মুজাদ্দিদ সাহেব কি এ কথা বলে কুফরী করেছেন? (নাউয়ুবিল্লাহ) দোয়ার মাধ্যমে তাকুদীর পরিবর্তন হতে পারে বলে হাদীস শরীফে উল্লেখ আছে।

মাসিক মদিনা নামের অন্তরালে মদিনা বিরোধী শির্ক ও কুফরীর ব্যবসা করা সমিচীন নয়।

BANGLADESH  
JUBOSENA